

২০১৬

বাংলা

( স্নাতকোত্তর )

পাঠপর্যায় - ২

পাঠমালা - ৪

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১. ‘পুনশ্চ’ ও তৎপরবর্তী রবীন্দ্র কাব্যধারার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৮

অথবা

বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথের দান পর্যালোচনা করো। ৮

২. “যে শ্রেয় মানুষের আত্মকে দুঃখের পথে, প্রেমের পথে, দ্বন্দ্বের পথে অভয় দিয়ে এগিয়ে নিয়ে চলে, সেই শ্রেয়কে আশ্রয় করেই প্রিয়কে পাবার আকাঙ্ক্ষাটি ‘চিত্রা-য়’ ‘এবার ফিরাও মোরে’ কবিতাটির মধ্যে সুস্পষ্ট ব্যক্ত হয়েছে।”

- মন্তব্যটি পর্যালোচনা করো। ৮

অথবা

‘চিত্রা’ কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো। ৮

৩. ‘রক্তকরবী’ নাটকে নাট্যকারের শ্রেণিচেতনার পরিচয় দাও। ৮

অথবা

‘রক্তকরবী’ নাটকে ব্যবহৃত গানগুলির ভূমিকা ও গুরুত্ব বিশ্লেষণ করো। ৮

৪. চেতনাপ্রবাহ রীতির উপন্যাস রূপে ‘চতুরঙ্গ’-র গ্রহণযোগ্যতা বিচার করো। ৮

অথবা

পজ্জিটিভিজম তত্ত্বের আলোকে ‘চতুরঙ্গ’ উপন্যাসের জ্যাঠামহাশয় চরিত্রটি বিশ্লেষণ করো। ৮

৫. ‘ক্ষুধিত পাষণ’ গল্পে মনোবিকলন তত্ত্বকে ব্যবহার করে কীভাবে অপ্ৰাকৃত রসের সৃজন করা হয়েছে তা আলোচনা করো। ৮

অথবা

‘একরাত্রি’ এক বিচ্ছেদ-ব্যথিত প্রাণীর ‘মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আশ্বাদন’ লাভের কাহিনী।

- মন্তব্যটি ব্যাখ্যা করো। ৮

(আভ্যন্তরীণ মূল্যায়ণ - ১০)

(Turn over)